Australian Government
Department of Home Affairs

এই পৃষ্ঠায় যা রয়েছে


- গুরুত্বপূর্ণ দক্ষতা এবং খাতসমূহ
  - গুরুত্বপূর্ণ খাতসমূহ অথবা গুরুত্বপূর্ণ দক্ষতাসম্পন্ন ব্যক্তিদের জন্য ভ্রমণে অব্যাহতি প্রাপ্তির শর্তসমূহ
  - ভ্রমণে অব্যাহতি পাওয়ার জন্য আবেদন করার আগে কি আমাকে ভিসা নিয়ে নিতে হবে?
  - এশিয়া-প্যাসিফিক ইকোনোমিক কোঅপারেশন (APEC) এর ব্যবসায়িক ভ্রমণ কার্ড (ABTC) নিয়ে ভ্রমণ
  - অব্যাহতি পাওয়ার জন্য অনলাইনে আবেদন করুন
  - আরো কিছু প্রশ্ন


# গুরুত্বপূর্ণ দক্ষতা এবং খাতসমূহ

অস্ট্রেলিয়ান কমিউনিটির স্বাস্থ্য সুরক্ষায় অস্ট্রেলিয়ায় কঠোর সীমান্ত সুরক্ষা ব্যবস্থা কার্যকর রয়েছে। বর্তমানে অস্ট্রেলিয়ায় আসা-যাওয়ার জন্য খুব সীমিত সংখ্যক বিমান রয়েছে। যদি আপনাকে ভ্রমণের ক্ষেত্রে অব্যাহতি দেওয়া হয়, তাহলে আপনার পক্ষে এই মুহূর্তে ভ্রমণ করা সম্ভব নাও হতে পারে। ভ্রমণের উপর আরোপিত নিষেধাজ্ঞাগুলো পরিবর্তন করা হতে পারে। অনুগ্রহ করে নিয়মিত খোঁজ রাখুন। দেখুন: গণমাধ্যমে প্রদত্ত ন্যাশনাল ক্যাবিনেটের বিবৃতি ।

অস্ট্রেলিয়ান নাগরিকসহ অস্ট্রেলিয়ায় আগত সমস্ত ভ্রমণার্থীদের তাদের আগমনস্থলের বন্দরে হোটেলের মত কোনো নির্দিষ্ট স্থানে 14 দিনের জন্য বাধ্যতামূলক কোয়ারেন্টিনে থাকতে হবে। ভ্রমণার্থীদের জন্য করোনাভাইরাস (COVID-19) বিষয়ক পরামর্শ দ্রষ্টব্য। কোয়ারেন্টিনে থাকাকালীন ব্যয় বাবদ আপনাকে অর্থ প্রদান করতে হতে পারে। কোয়ারেন্টিনের শর্তগুলো সম্পর্কে আরও জানতে সংশ্লিষ্ট স্টেট বা আঞ্চলিক সরকারের স্বাস্থ্য বিভাগে যোগাযোগ করুন।

## গুরুত্বপূর্ণ খাতসমূহ অথবা গুরুত্বপূর্ণ দক্ষতাসম্পন্ন ব্যক্তিদের জন্য ভ্রমণে অব্যাহতি প্রাপ্তির শর্তসমূহ

অস্ট্রেলিয়ার নাগরিক না হয়েও অস্ট্রেলিয়ার সীমান্ত বাহিনীর কমিশনার আলাদাভাবে অব্যাহতি প্রদান করতে পারেন যদি আপনি:

- COVID-19-এর জন্য সাড়া প্রদানে সহায়তাদানের উদ্দেশ্যে অস্ট্রেলিয়ান সরকার অথবা কোন স্টেট বা টেরিটরি সরকারের কর্তৃপক্ষের আমন্ত্রণে ভ্রমণ করে থাকেন।
- এয়ার অ্যাম্বুলেন্স, চিকিৎসাগত অপসারণ এবং জরুরি চিকিৎসা উপকরণ সরবরাহ সহ গুরুতর বা বিশেষায়িত চিকিৎসা পরিষেবা প্রদান করে থাকেন
- প্রয়োজনীয় পণ্য ও পরিষেবাগুলোর (যেমন চিকিৎসা প্রযুক্তি, গুরুত্বপূর্ণ পঅবকাঠামো, টেলিযোগাযোগ, প্রকৌশল ও খনি খনন, সাপ্লাই চেইন লজিস্টিকস, বৃদ্ধাশ্রম, কৃষি, মুখ্য

শিল্প, খাদ্য উৎপাদন ও সামুদ্রিক শিল্প) সরবরাহ বজায় রাখার জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ দক্ষতাসম্পন্ন হয়ে থাকেন।
- অস্ট্রেলিয়ার অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় এমন খাতগুলো (যেমন আর্থিক প্রযুক্তি, বৃহদাকারের উৎপাদন, চলচ্চিত্র, যোগাযোগ মাধ্যম এবং টেলিভিশন প্রযোজনা ও উদীয়মান প্রযুক্তি), যেগুলোর জন্য কোন অস্ট্রেলিয়ান কর্মী নেই; সেগুলোর জন্য পরিষেবা প্রদান করে থাকেন
- ধর্মীয় বা ধর্মতত্ত্ব ক্ষেত্রে গুরুত্বপূর্ণ দক্ষতা সম্পন্ন হোন
- প্রায়োরিটি মাইগ্রেশন স্কিলড অকুপেশন লিস্ট (PMSOL)-এ কোনো পেশায় অস্ট্রেলিয়ায় কাজ করার জন্য আপনার নিয়োগকারী কর্তৃক স্পন্সর পেয়ে থাকেন
- এমন কেউ হোন, যার আগমনের কারণ অন্য কোন ভাবে অস্ট্রেলিয়ার জাতীয় স্বার্থ রক্ষার্থে জড়িত, যা অস্ট্রেলিয়া সরকার অথবা কোন স্টেট বা টেরিটরি সরকারী কর্তৃপক্ষ কর্তৃক সমর্থিত।

এই বিভাগের অধীনে ভ্রমণে অব্যাহতি পাওয়ার জন্য যে কোন ব্যক্তি নিজে আবেদন করতে পারেন বা কোন ব্যবসা তার পক্ষে আবেদন করতে পারে। একই দল/ব্যবসার অধীনে থাকা একাধিক ভ্রমণার্থীদের আবেদন একত্রে করা যেতে পারে, যাতে করে তাদের করা আবেদনগুলো একত্রে বিবেচনা করা সম্ভব হয়।

অনুগ্রহ করে নিচের ফর্মটি ব্যবহার করে অব্যাহতি পাওয়ার জন্য অনুরোধ করুন এবং দাবিগুলোর সমর্থনকারী উপযুক্ত প্রমাণ প্রদান করুন। সরবরাহকৃত প্রমাণগুলো অপর্যাপ্ত হলে, সবিস্তারিত বিবেচনা ছাড়াই আবেদনগুলোর বিপরীতে চূড়ান্ত সিদ্ধান্ত নিয়ে নেয়া হতে পারে। সমস্ত নথিগুলো আনুষ্ঠানিক ভাবে ইংরেজিতে ভাষান্তরিত হতে হবে।

**ছাড়ের জন্য কমপক্ষে দুই সপ্তাহের আগে আবেদন করা উচিত, তবে পরিকল্পিত ভ্রমণের তিন মাসের আগে নয়। জরুরি ব্যবসায়িক ভ্রমণ এই সময়সীমার আওতাভুক্ত হিসেবে বিবেচনা করা হবে।**

আবেদনের সাথে অবশ্যই যা যা অন্তর্ভুক্ত করতে হবে:

- **যাত্রীর বিবরণী**: নাম, জন্ম তারিখ, ভিসার ধরন এবং নম্বর, পাসপোর্টের নম্বর, অস্ট্রেলিয়ার প্রস্তাবিত আবাসিক ঠিকানা এবং ফোন নম্বর
- **ভ্রমণের কারণ**: কেন আপনার আবেদনটি কমিশনারের বিবেচনা/অব্যাহতির জন্য বিবেচনা করা উচিত
- **সমর্থনকারী বিবৃতি**: অব্যাহতির প্রাপ্তির জন্য যুক্তি প্রদর্শনে কীভাবে আপনার গুরুত্বপূর্ণ দক্ষতা/গুরুত্বপূর্ণ খাতে সংযোগ রয়েছে, তা বর্ণনা করে
- **সংযুক্ত প্রমাণ:** আবেদনের সাথে গুরুত্বপূর্ণ পণ্য ও সেবা সরবরাহের সাথে জড়িত থাকা কোন ব্যবসায়িক প্রতিষ্ঠানের পক্ষ হতে, আপনার জন্য এই মুহূর্তে ভ্রমণ করাটা কেন অতি প্রয়োজনীয় সে বিষয়ে পরামর্শ প্রদান করে অস্ট্রেলিয়ান সরকার অথবা স্টেট এবং টেরিটরি সরকারের কর্তৃপক্ষের পক্ষ হতে প্রদান করা চিঠির মত কোন সমর্থনকারী প্রমাণ সংযুক্ত করতে হবে।

সকল ব্যক্তিরই ভ্রমণ করার আগে বৈধ ভিসা আর কমিশনারের প্রদান করা অব্যাহতিপত্রটি নিয়ে নিতে হবে।

## ভ্রমণে অব্যাহতি পাওয়ার জন্য আবেদন করার আগে কি আমাকে ভিসা নিয়ে নিতে হবে?

এই বিভাগের আওতায় আবেদন করা ব্যক্তিকে অস্ট্রেলিয়ার ভ্রমণ বিষয়ক বিধি-নিষেধগুলো থেকে অব্যাহতি পেতে আবেদন করার আগে ভিসা না নিলেও চলবে। ভ্রমণ অব্যাহতি অনুমোদিত হলে সেক্ষেত্রে ভ্রমণ করার জন্য আপনার বৈধ ভিসা থাকতে হবে। ভিসা পেতে হলে অবশ্যই সমস্ত শর্ত পূরণ করতে হবে। ভিসার ধরন এবং শর্তগুলো সম্পর্কিত তথ্য বিভাগের ওয়েবসাইটে পাওয়া যাবে।

## এশিয়া-প্যাসিফিক ইকোনোমিক কোঅপারেশন (APEC) এর ব্যবসায়িক ভ্রমণ কার্ড (ABTC) নিয়ে ভ্রমণ

ABTC-ধারী এবং এর আবেদনকারী ব্যক্তিরা স্বয়ংক্রিয় ভাবে অস্ট্রেলিয়ার ভ্রমণ বিষয় বিধি-নিষেধগুলো থেকে অব্যাহতি পাবেন না। যদি গুরুত্বপূর্ণ কোন খাতের সাথে সম্পর্কিত কোন কাজে আপনাকে অস্ট্রেলিয়ায় যেতে হয়, তাহলে আপনি অব্যাহতি পেতে আবেদন করতে পারেন এবং আপনার দাবি সমর্থনকারী প্রমাণ প্রদান করতে পারেন।

ABTC-এর মাধ্যমে আপনাকে অস্ট্রেলিয়ায় কাজ করার অনুমতি দেওয়া হয় না। যদি আপনি অস্ট্রেলিয়ায় কাজ করতে ইচ্ছুক থাকেন তবে আপনার অবশ্যই কাজের অধিকার সহ বৈধ ভিসা থাকতে হবে।

নিজের ABTC ব্যবহার করে অস্ট্রেলিয়ায় ভ্রমণ করা সম্পর্কে আরো তথ্য পেতে বিদেশী আবেদনকারীদের জন্য এশিয়ান প্যাসিফিক ইকোনোমিক কোঅপারেশন (APEC)-এর ব্যবসায়িক ভ্রমণ কার্ড (ABTC) দ্রষ্টব্য।

## অব্যাহতি পাওয়ার জন্য অনলাইনে আবেদন করুন

অনুগ্রহ করে ব্যক্তি প্রতি শুধু মাত্র একটি করে আবেদন করুন। সদৃশ একাধিক আবেদনে মূল্যায়ন বিলম্বিত হবে। যদি আপনি অব্যাহতি না পান, তাহলে ভ্রমণ পরিকল্পনা অনুসারে এগিয়ে যাওয়াটা আপনার জন্য উচিত হবে না; কেননা আপনি অস্ট্রেলিয়াগামী বিমানে উঠার অনুমতি পাবেন না। ভ্রমণে ছাড় দেওয়া হলে, আপনাকে অবশ্যই বিমানবন্দরে সেই ছাড়ের সিদ্ধান্তের প্রমাণ নিতে হবে।

অনলাইনে আবেদন

## আরো কিছু প্রশ্ন

যদি গুরুত্বপূর্ণ দক্ষতা ও খাতসমূহ এবং ভ্রমণের ক্ষেত্রে অব্যাহতি পাওয়ার প্রক্রিয়া বা গুরুত্বপূর্ণ দক্ষতার ক্ষেত্রে ভ্রমণে অব্যাহতি প্রাপ্তির বর্তমান আবেদন সম্পর্কে আপনার আরো প্রশ্ন থেকে থাকে, তাহলে অনুগ্রহ করে অনলাইনে জিজ্ঞাসা ফর্ম পূরণ করুন।